



হুপিং কফ থেকে আপনার নবজাতককে রক্ষা করুন

গর্ভাবস্থায় হুপিং কফের টিকা আপনার নবজাতককে প্রথম দিন থেকেই রক্ষা করবে।

গর্ভবতী মহিলাদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য

- আপনার সন্তানকে তার ছয় সপ্তাহ বয়স পর্যন্ত হুপিং কফ থেকে রক্ষার সবচেয়ে উত্তম উপায় হল গর্ভাবস্থার ২৮ সপ্তাহের সময় এর টিকা নেওয়া।
- NSW এ এখন গর্ভবতী মহিলাদের জন্য এই টিকা বিনামূল্যে দেওয়া হয়
- আপনার সন্তানকে অবশ্য তার ছয় সপ্তাহ বয়সে হুপিং কফের টিকা নিতে হবে
- হুপিং কফ একটি গুরুতর রোগ যা সম্ভাব্য প্রাণঘাতী হতে পারে

হুপিং কফ কী?

হুপিং কফ (যা পারটুসিস নামেও পরিচিত) ব্যাকটেরিয়াজনিত একটি অত্যন্ত সংক্রামক রোগ যা দফায় দফায় মারাত্মক কাশির সৃষ্টি করে। প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে এর লক্ষণগুলো হতে পারে মৃদু, তবে এখনও টিকা দেওয়া হয়নি এমন শিশুদের মধ্যে যদি সংক্রমণটি ছড়ায়, তাহলে তা প্রাণঘাতী হতে পারে।

আমার সন্তান কি ঝুঁকিতে আছে?

হ্যাঁ, শিশুদেরকে ছয় সপ্তাহ বয়স না হওয়া পর্যন্ত হুপিং কফের টিকা দেওয়া যায় না। প্রতিবার গর্ভধারণের ২৮ সপ্তাহের সময় হুপিং কফের টিকা দেওয়া সবচেয়ে ভাল, যা আপনার শরীরকে অ্যান্টিবডি তৈরির জন্য যথেষ্ট সময় দেবে। এই অ্যান্টিবডি তখন আপনার শিশুর শরীরে প্রবাহিত হবে এবং ছয় সপ্তাহ বয়সে তার নিজের টিকা নেওয়ার জন্য তৈরি হওয়ার আগ পর্যন্ত তাকে রক্ষা করবে।

এই টিকা নেওয়া কি নিরাপদ?

হ্যাঁ, গর্ভাবস্থায় দেওয়া হলে টিকাটি গর্ভবতী মহিলা এবং শিশু উভয়ের জন্যই নিরাপদ। যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে ৪০,০০০ গর্ভবতী মহিলাদের উপর পরিচালিত একটি গবেষণায় দেখা যায় যে কেবল মৃদু পার্শ্ব প্রতিক্রিয়া হিসেবে তাদের সামান্য ব্যথা এবং টিকা দেওয়ার জায়গায় লালচে দাগ দেখা গিয়েছিল। এটি গর্ভাবস্থায় কোনো জটিলতার ঝুঁকি বাড়ায় না এবং ন্যাশনাল হেলথ এন্ড মেডিক্যাল রিসার্চ কাউন্সিলের সাম্প্রতিক পরামর্শ অনুযায়ী গর্ভবতী মহিলারা গর্ভাবস্থার তৃতীয় প্রান্তিকে তাদের টিকা নিতে পারবে।

আমার কি করণীয়?

গর্ভাবস্থার তৃতীয় প্রান্তিকে বিনামূল্যে হুপিং কফের টিকা নেওয়ার ব্যাপারে আজই আপনার ডাক্তারের সাথে কথা বলুন।

হুপিং কফের টিকা থেকে আপনি যেই রোগ প্রতিরোধ ক্ষমতা অর্জন করবেন তা সময়ের সাথে সাথে কমে আসে, সুতরাং আপনাকে প্রতিবার গর্ভধারণের প্রায় ২৮ সপ্তাহ সময়ে টিকা নিতে হবে।

এছাড়াও যারা আপনার সন্তানের জন্মের প্রথম কয়েক সপ্তাহে তার কাছাকাছি থাকবে তাদের জন্যও হুপিং কফের টিকা নেওয়া জরুরী। অন্য শিশুদের হালনাগাদ টিকা দেওয়া হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে নিন এবং পরিচর্যাকারী ও ঘনিষ্ঠ পারিবারিক সদস্যদের মধ্যে যারা গত ১০ বছরে হুপিং কফের টিকা নেয়নি তাদেরকে বলুন তারা যাতে কোনো শিশুর সংস্পর্শে আসার অন্তত দুই সপ্তাহ আগে টিকা নেয়।

এছাড়াও গর্ভাবস্থার যেকোনো সময়ই আপনার ডাক্তারের কাছ থেকে ফ্লু এর টিকা নিয়ে আপনি নিজেকে এবং আপনার শিশুকে গর্ভাবস্থায় ফ্লু এর ভয়াবহ প্রভাব থেকে রক্ষা করতে পারেন।

আপনার নবজাতককে প্রথম দিন থেকেই হুপিং কফ থেকে রক্ষার উত্তম পন্থা হল গর্ভাবস্থায়ই বিনামূল্যে এর টিকা নেওয়া। টিকা নেওয়ার ব্যাপারে আজই আপনার ডাক্তারের সাথে কথা বলুন।



Health

www.health.nsw.gov.au/whoopingcough
ওয়েবসাইটে হুপিং কফ সম্পর্কে বিস্তারিত তথ্য পাওয়া যাবে

health.nsw.gov.au/protectnewborns ওয়েবসাইটটি দেখুন